






গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।

বিষয় : অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখ : ২৭/০১/২০২২খ্রি. বৃহস্পতিবার, সময় : সকাল - ১০.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লাক্ষীছড়ি।

সভাপতি : সুমনা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ও উপস্থিতির স্বাক্ষর।

ক্রমং	নাম	পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
১.	সুমনা চাকমা	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
২.	ত্রিলোক চাকমা	চেয়ারম্যান, ২নং দুলাতনী ইউপি	সদস্য	
৩.	সুইচালা চৌধুরী	চেয়ারম্যান, ৩নং বর্মাছড়ি ইউপি	সদস্য	
৪.	প্রবিল কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লাক্ষীছড়ি ইউপি	সদস্য	
৪.	শিশির চন্দ্র দাস	উপজেলা প্রকৌশলী	সদস্য সচিব	

সভাপতি উপস্থিত সকল সদস্যকে সভেচ্ছা জানান। তিনি উপজেলা প্রকৌশলীকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী জানান আগামী ২০২২-২৩ অর্থ বছরের বাজেট তৈরী করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম কিস্তি বাবদ বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রাথমিক প্রকল্প গ্রহণ করা দরকার। এ বিষয়ে মহিলা ভাইস চেয়ারম্যান বলেন অত্র উপজেলায় বিনোদন কেন্দ্র নেই বললেই চলে। বিনোদনের জন্য শুধুমাত্র অফিসার ক্লাবটি রয়েছে তাও বর্তমানে জরাজীর্ণ অবস্থা, বসার মত পরিবেশ নেই। সুতরাং চলতি বছরে প্রাপ্ত বরাদ্দ হতে উক্ত ক্লাবটি মেরামত করা প্রয়োজন। দুলাতনী ইউপি চেয়ারম্যান বলেন তার ইউনিয়নে বিনোদনের জন্য একঘাটা ভালেদি ক্লাব নামে একটি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে সাংস্কৃতিক সরঞ্জাম অত্যন্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : লাক্ষীছড়ি অফিসার ক্লাব মেরামতকরন প্রকল্পটি বাছাই কমিটি সভায় জমা প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(সুমনা চাকমা)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।

তারিখ : ০৭/০২/২০২২খ্রি.।

স্মারক নং- ১৯৯৯/৫৩ (মেম্বার) - ২২/৫৬

অনুলিপি : সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।



উপজেলা প্রকৌশলী
লাক্ষীছড়ি, খাগড়াছড়ি।